**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 29-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Budget passed in Assembly :**

রাজ্য বিধানসভার অধিবেশনে গতকাল ২০২৫-২৬ অর্থ বছরের ব্যয় বরাদ্দের প্রস্তাব গৃহিত হয়েছে। এর আগে বাজেটের উপর সাধারন আলোচনা শেষ হয় ও বিরোধীদের আনীত সব ছাটাই প্রস্তাব বাতিল হয়। উল্লেখ্য গত ২১শে মার্চ অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ৩২ হাজার ৪২৩ কোটি টাকার বাজেট পেশ করেন। বিরোধীদের আনা ছাটাই প্রস্তাবগুলোর বিরোধিতা করেন অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়। এর আগে ছাঁটাই প্রস্তাবের সমর্থনে উপর আলোচনা করেন বিধায়ক সুদীপ রায় বর্মণ, গোপাল চন্দ্র রায়।

********************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল মহারাষ্ট্র ও ছত্তিশগড় সফরে যাচ্ছেন। নাগপুরে তিনি RSS এর প্রতিপদ কর্মসূচিতে যোগ দিয়ে স্মৃতি মন্দির ও দীক্ষাভূমি দর্শন করবেন। নাগপুরে মহাদেব নেত্রালয় প্রিমিয়াম সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী। সেখানে একটি জনসভায় ভাষণ দেওয়ার কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। নাগপুরে সোলার ডিফেন্স অ্যান্ড এরোস্পেস লিমিটেডের লয়টারিং মিউনিশন টেস্টিং রেঞ্জ ও রানওয়ের উদ্বোধন করবেন তিনি। সেখান থেকে প্রধানমন্ত্রী যাবেন বিলাসপুরে। সেখানে তিনি ৩৩,৭০০ কোটি টাকা মূল্যের একগুচ্ছ প্রকল্পের সূচনা ও শিলান্যাস করার পাশাপাশি এক জনসভায় ভাষণ দেবেন তিনি।

*****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২০তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

***************************

**Assembly-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল বিধানসভায় জানিয়েছেন, রাজ্যে বর্তমানে সরকারী ডিগ্রি কলেজগুলিতে মোট ছাত্রছাত্রীর সংখ্যা ৭২ হাজার ৪৬০ জন এবং ৪টি বেসরকারি সাধারণ ডিগ্রি কলেজে ছাত্রছাত্রীর সংখ্যা ২ হাজার ১৭৮ জন। সরকারী ডিগ্রি কলেজগুলিতে ৪৬৪ জন অধ্যাপক বর্তমানে কর্মরত রয়েছেন এবং ১৬টি সরকারী ডিগ্রি কলেজে বর্তমানে স্থায়ী অধ্যক্ষ নেই। কলেজগুলিতে বর্তমানে জাতীয় শিক্ষা নীতি অনুযায়ী চার বছরের স্নাতক ডিগ্রী কোর্স চালু করা রয়েছে। তাছাড়া ৬টি ডিগ্রি কলেজে মাস্টার ডিগ্রি কোর্স চালু করা হয়েছে।

**************************

**Assembly-Fishary Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন ঊনকোটি জেলায় ইন্টিগ্রেটেড একোয়া পার্কটি চালু হলে মাছের যোগানের চাহিদা আরো ৫ হাজার মেট্রিক টন পূরণ করা যাবে। গতকাল বিধানসভায় তিনি জানান, বর্তমানে রাজ্যে মাছের চাহিদা ১ লক্ষ ১৭ হাজার ২৮৭ মেট্রিক টন। সে তুলনায় মাছের উৎপাদন ৮৫ হাজার ৮০৫ মেট্রিক টন। ঘাটতি ৩১ হাজার মেট্রিক টন। মাছ আমদানী করে এই ঘাটতি পূরণ করা হচ্ছে। মৎস্য মন্ত্রী জানান,

মৎস্য চাষের মাধ্যমে আয় বৃদ্ধি এবং অর্থনৈতিক সমৃদ্ধির প্রচুর সম্ভাবনা রয়েছে।

**************************

**Sushanta Chowdhury :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন সারা দেশে পর্যটনের মানচিত্রে ত্রিপুরাকে তুলে ধরতে ওয়াটার ট্যুরিজম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। এই লক্ষ্যেই রাজ্যের বিভিন্ন জলাশয়গুলিকে কেন্দ্র করে বিভিন্ন ওয়াটার স্পোর্টস, স্পিড বোট, শিকারা চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে পর্যটন দপ্তরের উদ্যোগে ২০ আসন বিশিষ্ট ২টি স্পিড বোট, ৬টি শিকারার সূচনা করে একথা বলেন তিনি। স্পিড বোটগুলি ছবিমুড়া পর্যটন কেন্দ্রের জন্য এবং শিকারাগুলি লক্ষ্মীনারায়ণ বাড়ির দীঘি, রুদ্রসাগর ও নারকেলকুঞ্জে পর্যটকদের পরিষেবা প্রদান করবে।

************************

**NSS-Sonamura :**

কবি নজরুল মহাবিদ্যালয়ের এন.এস.এস শাখার সপ্তাহব্যাপী বিশেষ শিবির উপলক্ষে গতকাল সোনামুড়া নগর পঞ্চায়েতের ৭ নম্বর ওয়ার্ডে এক সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী।

***************************

**Jhumu Sarkar passed away :**

বড়জলার প্রাক্তন বিধায়ক ঝুমু সরকার গতকাল রাতে জিবি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪১ বছর। তিনি ২০১৬ সালের বড়জলা বিধানসভার উপনির্বাচনে সি পি আই এম প্রার্থী হিসেবে জয়লাভ করে বিধানসভার সদস্য হন। মৃত্যুকালে স্ত্রী, পুত্র, মেয়ে সহ বহু আত্মীয় পরিজনদের রেখে গেছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা:

মানিক সাহা তাঁর মৃত্যুতে গভীর শোক ব্যক্ত করে পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

**************************************

**EXPO 2025 :**

গতকাল হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় রাবার কম্পনেন্ট এক্সপো ২০২৫। রাবারের উৎপাদিত বিভিন্ন সামগ্রী এই মেলায় প্রদর্শিত হয়। মেলা প্রাঙ্গনে রাজ্যের শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বনিক বলেন রাজ্যে আরো বেশি করে রাবার ভিত্তিক শিল্প গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছে নিগম।

************************

**T– 20 Cricket :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত টি–২০ ক্রিকেট টুর্নামেন্টে মুহুরীপুর জন কল্যান সমিতি ৮ উইকেটে ইয়ারুং ওয়েলফেয়ার সোসাইটিকে পরাজিত করেছে। বিজয়ী দলের প্রশান্ত দেবনাথ সর্বোচ্চ ৬৩ রান করেন।

**********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। আগতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকবে ২৪ ডিগ্রির কাছাকাছি।

*************************